



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
ASHUGANJ POWER STATION COMPANY LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)
ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.



স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.১১.০০৩.১৮(এড-৪).৫৬৩

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ তাপ বিদ্যুৎ কেন্দ্র উচ্চ বিদ্যালয়ে এসএসসি (ভোকেশনাল) প্রকল্প এর ২০২১ শিক্ষাবর্ষের জন্য নিম্নোক্ত পদসমূহে ০১ (এক) বছরের চুক্তিভিত্তিক নিয়োগের জন্য যোগ্য, অভিজ্ঞ ও প্রতিশ্রুতিশীল বাংলাদেশী নাগরিকগণ হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও সর্বসাকুল্যে বেতন | পদ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|--------------|--|--------------|---|
| ০১ | সহকারী শিক্ষক (গণিত) সর্বসাকুল্যে মাসিক বেতন: ৫০,১৩৩.০০ টাকা। (কথায়: পঞ্চাশ হাজার একশত তেত্রিশ টাকা।) | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় গণিতসহ স্নাতক ডিগ্রী/সমমান অথবা গণিত এ ৪ বছরের সম্মান ডিগ্রী। |
| ০২ | ল্যাব/শপ অ্যাসিস্টেন্ট (জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস) সর্বসাকুল্যে মাসিক বেতন: ৩৬,৬৬৭.০০ টাকা। (কথায়: ছত্রিশ হাজার ছয়শত সাতষট্টি টাকা।) | ০১ | স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট হতে জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)। |

শর্তাবলীঃ

- বয়সসীমা: ৩১ আগস্ট ২০২০ পর্যন্ত বয়স সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত।
- অভিজ্ঞতা: মাধ্যমিক পর্যায়ের কোনো স্কুল/ভোকেশনাল স্কুল/টেকনিক্যাল স্কুল এ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- শিক্ষাগত যোগ্যতা: কোন পরীক্ষায় ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। সিজিপিএ ৪.০০ এর স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ এর স্কেলে ন্যূনতম ৩.৫০।
- এই নিয়োগে ০১ (এক) বছরের চুক্তিভিত্তিতে শুধুমাত্র সাকুল্যে মাসিক বেতন প্রদান করা হবে। কোন প্রকার বোনাস বা অন্য কোন সুবিধা প্রদান করা হবে না।
- কোনো ক্রমেই এক শিক্ষাবর্ষ অতিক্রান্তের (প্রকল্পের মেয়াদোত্তীর্ণের) পর এই নিয়োগ প্রলম্বিত/বিদ্যালয়ে আত্মীকরণ করা হবে না।
- আগ্রহী প্রার্থীগণকে এপিএসসিএল এর ওয়েবসাইট (www.apscl.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক (কম্পিউটার কমপোজ করতে হবে) কোন তফসিলী ব্যাংকের শাখা হতে “আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ” এর অনুকূলে ৫০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, ০৩ (তিন)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসমূহের সত্যায়িত অনুলিপি, ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সহ ৪.৫ ইঞ্চি×১১ ইঞ্চি খাম সহ আগামী ৩০/০৯/২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই “ব্যবস্থাপক (এইচআরএম), এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০২” বরাবর প্রেরণ করতে হবে।
- কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী এপিএসসিএল এর ওয়েবসাইট: www.apscl.gov.bd- এ প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে। যে কোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোহাম্মদ এনামুল হক)

ব্যবস্থাপক (এইচআরএম)

যোগাযোগ: ০১৭১৩২৮৬৩৬৩, Email: hrm@apscl.com

CORPORATE OFFICE
Navana Rahim Ardent (Level-8)
185 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka.
Phone : +880-02-9330915
Fax : +880-02-9330918
E-mail : apscl@apscl.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.gov.bd